49

# দৈনিক সংবাদ

তারিখ AUG 21 199…
পৃষ্ঠা ৮ কলাম ১

## একটি কলেজ, অনেক সাফল্য

মিজান হোসেন




লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়। বরাবরই সুপরিচিত ভাল রেজাল্টের জন্য। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৬ সালের (অনুষ্ঠিত ১৯৯৮) এম এ ১ম পর্ব দর্শন বিষয়ের পরীক্ষায় এ কলেজের মেয়েরা দখল করে নিয়েছে মেধা তালিকার বেশ কয়েকটি স্থান।

দর্শন বিষয়ে প্রথম শ্রেণী পাওয়া চারজনই এ কলেজের শিক্ষার্থী। এছাড়া দ্বিতীয় শ্রেণীর মেধাক্রমের সাতটি স্থানও এখানকার মেয়েদের দখলে।

মাহফুজা বেগম দর্শন বিভাগের ছাত্রী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৬ সালের এম এ ১ম পর্ব পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছে। সে ঢাকার লালমাটিয়া নিবাসী শামসুজোহা ও মরহুমা বেগম সাঈদা জোহার কন্যা।

তানজিনা তৃষা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৬ সালের (অনুষ্ঠিত ১৯৯৮) এমএ ১ম পর্ব পরীক্ষায় প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অধিকার করেছে। সে ফেনী জেলার মরহুম আবদুল হকের কন্যা।

পাপিয়া সুলতানা। প্রথম শ্রেণীতে তৃতীয় স্থান অধিকার করেছে। সে নরসিংদী জেলার বীরপুর নিবাসী বায়েজীদ মিয়া ও মিসেস ফাতেমা বেগমের দ্বিতীয় কন্যা।

হাসিমা-ই-হাফিজ। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৬ সালের (অনুষ্ঠিত ১৯৯৮) এমএ ১ম পর্ব পরীক্ষায় প্রথম শ্রেণীতে চতুর্থ স্থান অধিকার করেছে। সে ঢাকার মিরপুর নিবাসী মোঃ হাফিজুর রহমান ও হাসিনা আজিজ বানুর কন্যা।

দ্বিতীয় শ্রেণীর মেধাক্রমে প্রথম হয়েছেন মাকসুদা ইসলাম। চতুর্থ মাহফুজা খাতুন। পঞ্চম কানিজ আফরোজ সিদ্দিকী। ষষ্ঠ শাহনাজ নাজনীন। সপ্তম তাহেরা খাতুন। অষ্টম নাদিরা সুলতানা। নবম আফরোজা আক্তার। বলা বাহুল্য, এরা সবাই লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়ের শিক্ষার্থী। অভিনন্দন এদেরকে। সেই সঙ্গে লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়কে।